অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/21/2026 **গভর্নর ক্যাথি হোকল**

লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং লোয়ার হাডসন ভ্যালিতে তুষারঝড় আঘাত হানার আশঙ্কায় গভর্নর হোকল জরুরি অবস্থা ঘোষণা করেছেন

অ্যালবানি, ব্রঙ্কস, কলাম্বিয়া, গ্রিন, ডেলাওয়েয়ার, ডাচেস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, পুটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, শেনেকটাডি, স্কোহারি, সুলিভান, উলস্টার, ওয়েস্টচেস্টার এবং তৎসংলগ্ন কাউন্টিগুলোর জন্য জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে

লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং সাউদার্ন ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য তুষারঝড়ের সতর্কতা জারি করা হয়েছে; হাডসন ভ্যালির বাকি অংশের জন্য শীতকালীন ঝড়ের সতর্কতা এবং নজরদারি জারি করা হয়েছে

লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক সিটির জন্য 18-24 ইঞ্চি তুষারপাতের পূর্বাভাস; হাডসন ভ্যালির জন্য 12-18 ইঞ্চি; রাজধানী অঞ্চলের জন্য 8-12 ইঞ্চি; এবং স্টেটের বাকি অংশে ব্যাপকভাবে 1-6 ইঞ্চি তুষারপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে

বাতাসের ঝাপটা ঘণ্টায় 60 মাইল পর্যন্ত পৌঁছাতে পারে, যার ফলে অস্পষ্ট দৃশ্যমানতা বা এমনকি তুষারঝড়ের মতো পরিস্থিতির সৃষ্টি হতে পারে। এটি যাতায়াতকে বিপজ্জনক করে তুলবে, বিশেষ করে নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে

নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং লোয়ার হাডসন ভ্যালি জুড়ে স্থানীয় অংশীদার এবং উদ্ধারকাজে সহায়তা করার জন্য গভর্নর ন্যাশনাল গার্ডের 100 জন সদস্যকে সক্রিয় করেছেন

তীব্র বাতাসের সাথে ভেজা ও ভারী তুষারপাতের কারণে বিদ্যুৎ বিভ্রাটও ঘটতে পারে

ক্ষয়ক্ষতি যাচাই, সাড়াদান, মেরামত, এবং পুনঃস্থাপন চেষ্টার কাজ করতে পুরো স্টেটে 5,600-এর বেশি ইউটিলিটি কর্মী তৈরি আছেন

লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং হাডসন ভ্যালি জুড়ে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের রবিবার থেকে সোমবার পর্যন্ত ভ্রমণ এড়িয়ে চলা এবং বাড়িতে থাকার পরামর্শ দেওয়া হচ্ছে; নিয়োগকর্তাদের দূরবর্তী কাজের অনুমতি দিতে উৎসাহিত করা হচ্ছে

নিউ ইয়র্কবাসীরা 333111 নম্বরে টেক্সট করে আবহাওয়া এবং জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে পারেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ অ্যালবানি (Albany), ব্রঙ্কস (Bronx), কলম্বিয়া (Columbia), গ্রিন (Greene), ডেলাওয়েরের (Delaware), ডাচেস (Dutchess), কিংস (Kings), নাসাউ (Nassau), নিউ ইয়র্ক (New York), অরেঞ্জ (Orange), পুটনাম (Putnam), কুইন্স (Queens), রিচমন্ড (Richmond,), রকল্যান্ড (Rockland), শেনেকটাডি (Schenectady), স্কোহারি (Schoharie), সাফোক (Suffolk), সুলিভান (Sullivan), আলস্টার (Ulster), ওয়েস্টচেস্টার (Westchester) এবং পার্শ্ববর্তী কাউন্টিগুলোতে জরুরি অবস্থা (State of Emergency) ঘোষণা করেছেন। লোয়ার হাডসন ভ্যালি (Hudson Valley), নিউ ইয়র্ক সিটি (New York City) এবং লং আইল্যান্ডে (Long Island) তুষারঝড় আঘাত হানার পূর্বাভাস এবং হাডসন ভ্যালির বাকি অংশে চরম প্রতিকূল শীতকালীন আবহাওয়ার আশঙ্কায় তিনি নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডকে সক্রিয় করেছেন। শুক্রবার রাতে পূর্বাভাসের দ্রুত অবনতি হয়েছে এবং এখন ইঙ্গিত দিচ্ছে যে লং আইল্যান্ড ও নিউ ইয়র্ক সিটিতে 18 থেকে 24 ইঞ্চি তুষারপাত হতে পারে, সেই সাথে বাতাসের গতিবেগ ঘণ্টায় 60 মাইলেরও বেশি হতে পারে। হাডসন ভ্যালিতে 12 থেকে 18 ইঞ্চি তুষারপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে, অন্যদিকে রাজধানী অঞ্চলে 8 থেকে 12 ইঞ্চি তুষারপাত হতে পারে। স্টেটের অন্যান্য অঞ্চলে এক থেকে ছয় ইঞ্চি পর্যন্ত বরফপাত দেখা যাবে। এই তুষারঝড় অত্যন্ত বিপজ্জনক ভ্রমণ পরিস্থিতি, উপকূলীয় বন্যা এবং বিদ্যুৎ বিভ্রাটের সম্ভাবনা তৈরি করবে।

আগামী রবিবার থেকে নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের 100 জন সদস্য 25টি যানবাহন সহ নিম্ন হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড জুড়ে মোতায়েন থাকবে, যাতে তারা ডাউনস্টেট (Downstate) প্রতিক্রিয়া কার্যক্রম এবং স্থানীয় অংশীদারদের সহায়তা করতে পারে। অতিরিক্তভাবে, স্টেটের জরুরি অপারেশন সেন্টার (State Emergency Operations Center) রবিবার সকাল থেকে সক্রিয় করা হবে।

"নিউ ইয়র্কবাসীদের কাছে তুষারপাত এবং কনকনে ঠাণ্ডা আবহাওয়া নতুন কিছু নয়। তবে নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং লোয়ার মিড-হাডসন অঞ্চলে ধেয়ে আসা এই তুষারঝড়-সদৃশ পরিস্থিতি ভারী তুষারপাত এবং প্রবল বাতাস বয়ে আনবে। পূর্বাভাস অনুযায়ী, এই ঝড় আমাদের স্টেটের অধিকাংশ এলাকায় প্রভাব ফেলবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "প্রতিটি আবহাওয়া সংক্রান্ত পরিস্থিতির মতো, আমাদের স্টেটের সংস্থাগুলো এই তৈরি হওয়া ঝড়ের মোকাবিলা করতে এবং সবাইকে তথ্য দিয়ে সচেতন রাখতে প্রয়োজনীয় রিসোর্সে সুসজ্জিত রয়েছে। আমি সবাইকে পদক্ষেপ নিতে, সতর্ক থাকতে এবং রিয়েল-টাইম আপডেটের জন্য সর্বদা আপনার স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে নজর রাখতে উৎসাহিত করছি।"

হাডসন ভ্যালির বাকি অংশজুড়েও তীব্র শীতকালীন দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। উত্তর ওয়েস্টচেস্টার, রকল্যান্ড, অরেঞ্জ এবং পুটনাম কাউন্টিতে ইতোমধ্যেই শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে। সেখানে 10 থেকে 15 ইঞ্চি বরফপাত এবং সেই

সাথে ঘণ্টায় সর্বোচ্চ 45 মাইল বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ডাচেস, আলস্টার, গ্রিন এবং কলম্বিয়া কাউন্টিতে শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে; সেখানে ছয় থেকে 12 ইঞ্চি তুষারপাতের পাশাপাশি 45 মাইল বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

নিউ ইয়র্কবাসীদের এই ঝড়টিকে গুরুত্ব সহকারে নেওয়া উচিত, এখনই প্রস্তুতি নিন, স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে কড়া নজর রাখুন এবং ঝড়ের পুরোটা সময় বাড়িতেই অবস্থান করুন। সোমবার, লং আইল্যান্ড রেল রোড একটি রবিবারের সময়সূচী অনুযায়ী ট্রেন চালানোর পরিকল্পনা করছে, তবে আবহাওয়ার পরিবর্তনের পরিস্থিতির ওপর ভিত্তি করে এতে প্রয়োজনীয় সংশোধন করা হতে পারে। মেট্রো-নর্থ রেলরোড হারলেম, হাডসন এবং নিউ হ্যাভেন লাইনে প্রতি ঘণ্টায় ট্রেন চালাবে এবং কানেকটিকাট ও ওয়াসাইক শাখায় সপ্তাহান্তের সময়সূচী অনুযায়ী ট্রেন চালাবে। প্রবল তুষারপাতের সময় ট্রেনগুলো ভূগর্ভে জমা রাখার জন্য এক্সপ্রেস ট্র্যাকগুলো ব্যবহার করায়, রবিবার রাত থেকে সোমবার পর্যন্ত সাবওয়ে পরিষেবা পরিবর্তন এবং বিলম্বের সম্ভাবনা রয়েছে।

I-84 এবং I-84 এর দক্ষিণ দিকের সকল রাস্তা, যার মধ্যে থ্রুওয়ে সিস্টেমের সকল রাস্তাও অন্তর্ভুক্ত, সেখানে সমস্ত খালি বাণিজ্যিক যানবাহন এবং সমস্ত ট্যান্ডেম ট্রাক্টর ট্রেলার চলাচল নিষিদ্ধ করা হবে। I-84 এবং I-84 এর দক্ষিণ দিকের সকল রাস্তা, যার মধ্যে অরেঞ্জ, রকল্যান্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টির সকল থ্রুওয়ে সিস্টেম রাস্তা অন্তর্ভুক্ত, সেখানে অন্যান্য সকল বাণিজ্যিক যানবাহন চলাচলের জন্য শুধুমাত্র ডানদিকের লেনে সীমাবদ্ধ থাকবে। এই বিধিনিষেধগুলো 22 ফেব্রুয়ারি, রবিবার বিকেল 4টা থেকে শুরু হবে এবং পরিস্থিতির উন্নতি হওয়া মাত্রই শেষ হবে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিস ইতোমধ্যেই শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা শুরু করেছে এবং নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে কড়া নজর রাখা এবং ন্যাশনাল ওয়েদার সার্ভিসের দেওয়া সর্বশেষ তথ্যের প্রতি লক্ষ্য রাখা। আবহাওয়ার সতর্কতা, সতর্কবাণী এবং অন্যান্য অ্যালার্টের সম্পূর্ণ তালিকার জন্য, এখানে ক্লিক করুন।

নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের মোবাইল ফোনে সরকারি জরুরি সতর্কতা সচল রাখা নিশ্চিত করা, এবং 333111 নম্বরে তাদের কাউন্টি বা বরোর নাম লিখে টেক্সট পাঠিয়ে রিয়েল-টাইম আবহাওয়া ও জরুরি সতর্কতার জন্য নিবন্ধন করা।

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টের সাথে যোগাযোগ রেখেছে এবং সাহায্যের যেকোনো স্থানীয় অনুরোধের সাড়াদান করতে তৈরি আছে। স্টেটের মজুদসমূহ প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদানের সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেটের ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার রবিবার রাত থেকে

সক্রিয় করা হবে এবং নিউ ইয়র্কের 24/7 অ্যালার্ট ও ওয়ার্নিংয়ের কেন্দ্র, স্টেট ওয়াচ সেন্টার ঝড়ের পথ এবং পুরো স্টেটে এর প্রভাবের উপর নজর রাখছে। স্টেটের ফায়ার অপারেশন্স অপারেশন সেন্টারও (Fire Operations Center) সক্রিয় করা হয়েছে

পরিবহন বিভাগ (Department of Transportation)
স্টেটের পরিবহন বিভাগ আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং পুরো স্টেটে 3,737 জন সুপারভাইজার এবং অপারেটরদের নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত আছে। আঞ্চলিক কর্মীরা বর্তমানে তুষার ও বরফের সাড়াদান ও প্রস্তুতির কর্মকাণ্ডে নিযুক্ত আছেন। ঘটনার পুরো সময়কাল এবং অগ্রাধিকারভিত্তিক পরিষ্কার কার্যক্রম জুড়ে সকল রেসিডেন্সি লোকেশন 24/7 পরিচালনার জন্য জনবলসহ চালু থাকবে।

তুষার ও বরফ সরানোর সব সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। জরুরি এলাকায় তুষার অপসারণ কার্যক্রম ত্বরান্বিত করতে লং আইল্যান্ড অঞ্চলে তিনটি লোডার-মাউন্টেড স্নো ব্লোয়ার মোতায়েন করা হচ্ছে।

হাডসন ভ্যালি এবং লং আইল্যান্ডে অত্যন্ত জরুরি বরফ ও তুষারপাত নিয়ন্ত্রণ কার্যক্রম সহায়তায়, অন্যান্য অঞ্চল থেকে 127 জন কর্মী নিচের নিয়মে মোতায়েন করা হবে।

- রাজধানী অঞ্চল: 4 জন অপারেটরকে হাডসন ভ্যালি এবং 4 জন অপারেটরকে লং আইল্যান্ডে পাঠানো হচ্ছে
- মোহক ভ্যালি: হাডসন ভ্যালিতে 4 জন ইকুইপমেন্ট অপারেটর প্রশিক্ষক এবং লং আইল্যান্ডে 21 জন অপারেটর ও 3 জন সুপারভাইজার পাঠাচ্ছে
- সেন্ট্রাল নিউ ইর্য়ক: হাডসন ভ্যালিতে 2 জন ইকুইপমেন্ট অপারেটর প্রশিক্ষক এবং লং আইল্যান্ডে 16 জন অপারেটর ও 2 জন সুপারভাইজার পাঠাচ্ছে
- ফিঙ্গার লেকস: 14 জন অপারেটর, 1 জন সুপারভাইজার এবং 2 জন ইকুইপমেন্ট অপারেটর ট্রেইনারকে হাডসন ভ্যালিতে পাঠানো হচ্ছে
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক: হাডসন ভ্যালিতে 12 জন অপারেটর এবং 2 জন সুপারভাইজার পাঠানো হচ্ছে
- ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার: হাডসন ভ্যালিতে 10 জন অপারেটর এবং 1 জন সুপারভাইজার পাঠানো হচ্ছে
- নর্থ কান্ট্রি – হাডসন ভ্যালিতে 2 জন ইকুইপমেন্ট অপারেটর প্রশিক্ষক এবং লং আইল্যান্ডে 16 জন অপারেটর ও 2 জন সুপারভাইজার পাঠাচ্ছে
- ইস্টার্ন সাউদার্ন টিয়ার – লং আইল্যান্ডে 8 জন অপারেটর এবং 1 জন সুপারভাইজার পাঠানো হচ্ছে

সব মিলিয়ে, হাডসন ভ্যালি অঞ্চল 40 জন অপারেটর, 4 জন সুপারভাইজার এবং 10 জন ইকুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর (মোট 54 জন কর্মী) পাচ্ছে।
সর্বমোট, লং আইল্যান্ড 65 জন অপারেটর এবং 8 জন সুপারভাইজার (মোট 73 জন কর্মী) পাচ্ছে।

লং আইল্যান্ডে ইতিপূর্বেই 3টি লোডার-ব্লোয়ার মোতায়েন করা হয়েছে।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,642টি লার্জ প্লাউ ট্রাক (হাডসন ভ্যালি: 259, লং আইল্যান্ড: 254)
- 149টি মিডিয়াম ডিউটি প্লাউ (হাডসন ভ্যালি: 35, লং আইল্যান্ড: 19)
- 56টি টো প্লাউ (হাডসন ভ্যালি: 3, লং আইল্যান্ড: 1)
- 334টি লার্জ লোডার (হাডসন ভ্যালি: 51, লং আইল্যান্ড: 35)
- 33টি স্নো ব্লোয়ার (হাডসন ভ্যালি: 1, লং আইল্যান্ড: 1)

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মুল্যায়ন করা হবে। তাৎক্ষণিক ভ্রমণ তথ্য জানার জন্য মোটর চালকগণ 511 নম্বরে কল করুন অথবা www.511NY.org ভিজিট করুন, নিউ ইয়র্ক স্টেটের অফিসিয়াল ট্রাফিক এবং ভ্রমণ সংক্রান্ত তথ্য কেন্দ্র।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটি 691 জন অপারেটর এবং সুপারভাইজার নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। পুরো স্টেটের সরঞ্জামের সংখ্যা ও রিসোর্সের তালিকা নিচে দেওয়া হলো:

- 345টি বড় ও মাঝারি ক্ষমতাসম্পন্ন প্লাও ট্রাক
- 11টি টো প্লাউ
- 62টি লোডার
- 105,000+ টন লবণ মজুত রয়েছে

Thruway-তে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs) ও সোশ্যাল মিডিয়া (X এবং Facebook) ব্যবহার করা হচ্ছে।

গাড়ি চালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে থ্রুওয়ে-তে স্নো প্লাউগুলি প্রতি ঘণ্টায় প্রায় 35 মাইল বেগে চলে, যা অনেক ক্ষেত্রে পোস্ট করা গতি সীমার থেকে কম গতি, যাতে নিশ্চিত করা যায় যে ছড়িয়ে দেওয়া লবণ ড্রাইভিং লেনে থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পড়ে। গাড়ির চালকদের জন্য সবথেকে নিরাপদ জায়গা হলো স্নোপ্লাউয়ের পেছনে বেশ দূরে থাকা যেখানে রাস্তা পরিষ্কার করা হয়েছে ও লবণ ছড়ানো হয়েছে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্র্যাফিক তথ্য, লাইভ ট্র্যাফিক ক্যামেরা, ও ন্যাভিগেশনের সাহায্য দিয়ে থাকে। মোটরচালকেরা এছাড়াও Thruway-এর সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি জানার জন্য TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন এবং X-@ThruwayTrafficকে ফলো করতে পারেন।।

জনসেবার বিভাগ (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেট জনসেবার বিভাগ শীতকালীন উপকূলীয় ঝড় মোকাবিলায় পর্যাপ্ত প্রস্তুতি নিশ্চিত করতে নিয়ন্ত্রিত বিদ্যুৎ ও গ্যাস পরিষেবা প্রদানকারী সংস্থাগুলোর সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখছে। ডিপার্টমেন্টের অগ্রাধিকার হলো এই ঝড়ের সময় নিউ ইয়র্কবাসীর জন্য নির্ভরযোগ্য ও স্থিতিশীল বিদ্যুৎ পরিষেবা সুরক্ষিত রাখা এবং বিদ্যুৎ সরবরাহকারীদের প্রস্তুতি ও যেকোনো সম্ভাব্য বিঘ্নতা মোকাবেলার উপর নিয়ন্ত্রক তদারকি বজায় রাখা। পুরো নিউ ইয়র্ক স্টেটে ক্ষয়ক্ষতি যাচাই, সাড়াদান, মেরামত, এবং পুনঃস্থাপন চেষ্টার কাজে জড়িত হওয়ার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটিগুলির কাছে বর্তমানে প্রায় 5,600 জন কর্মী আছেন। প্রতিকূল পরিস্থিতিতে কাজ করার জন্য ইউটিলিটি কর্মীরা প্রস্তুত রয়েছেন এবং তারা তাদের রিসোর্স পরিকল্পনা বাস্তবায়ন করছেন। এর মধ্যে রয়েছে সম্ভাব্য সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে সহায়তার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও জনবল স্থানান্তর করা। ডিপার্টমেন্টের কর্মীরা ইভেন্টের পুরো সময় ইউটিলিটিগুলির কাজের উপর নজর রাখবেন।

শীতের প্রস্তুতি, শীতকালীন নিরাপত্তা ও বর্তমান ভোক্তা সুরক্ষা সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য বিভাগটি সরবরাহ করে এখানে: উইন্টার প্রিপেয়ার্ডনেস (Winter Preparedness) | ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস। জনগণকে তাদের ইউটিলিটি সম্পর্কে অভিযোগ বা দুশ্চিন্তার ব্যাপারে ডিপার্টমেন্টের অফিস অফ কনজিউমার সার্ভিসেসের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা যাচ্ছে যা এখানে করা যাবে কন্টাক্ট আস (Contact Us) | ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ আবহাওয়ার পূর্বাভাসের উপর কাছ থেকে নজর রাখছে এবং শীতকালীন আবহাওয়া নিউ ইয়র্কে প্রবেশ করার কারণে স্টেট ও স্থানীয় পার্টনারদের সাথে সমন্বয় করছে। ঝড়ের তীব্রতা বাড়ার সঙ্গে সঙ্গে প্রভাবিত এলাকায় বাড়তি টহল যোগ করা হবে এবং আবহাওয়ার সম্পর্কে যে কোনো জরুরি পরিস্থিতিতে সাড়া দিতে স্পেশালাইজড ইউনিট ও সরঞ্জাম মোতায়েন করে প্রস্তুত রাখা হয়েছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC)
ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (DEC) ইমার্জেন্সি ম্যানেজমেন্ট কর্মী, কনজার্ভেশন পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক থাকবেন এবং আবহাওয়ায় পরিস্থিতির উপর নজর রাখবেন। পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে DEC চরম তাপমাত্রা, তীব্র বাতাস, হিমশীতল বৃষ্টি, তুষারপাত এবং বরফের কারণে সম্ভাব্য প্রভাবের জন্য প্রস্তুতির জন্য টার্গেটেড এলাকায় ফার্স্ট রেসপন্ডার সহ কাছে থাকা সকল রিসোর্স মোতায়েনের সমন্বয় করতে প্রস্তুত আছে।

DEC তুষার সরানো ও ফেলে দেওয়ার দায়িত্ব পাওয়া ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে তারা যাতে বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং অন্যান্য রাবিশের মতো দূষণকারী পদার্থ দিয়ে প্রভাবিত হওয়ার সম্ভাবনা কম করতে সাহায্য করার জন্য ব্যবস্থাপনার সেরা প্র্যাকটিস মেনে চলেন। স্থানীয় খাঁড়ি ও ঝর্ণায় বরফ ফেলার কারণে বরফের বাঁধ তৈরি হতে পারে, যার ফলে বন্যা হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ

অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। DEC-এর ডিভিশন অফ ওয়াটার টেকনিক্যাল এবং অপারেশনাল গাইডেন্স সিরিজ: স্নো ডিস্পোজালে (Division of Water Technical and Operational Guidance Series: Snow Disposal)-এ অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।

হাইকিং নিরাপত্তা

প্রবল ঝড় এবং চরম শৈত্যপ্রবাহের সময় হাইকারদের সাময়িকভাবে সমস্ত উচ্চ-উচ্চতার পথ, সেইসাথে নদী এবং ছোট পাহাড়ি নদী বা ঝরনা পার হওয়া পথগুলো এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। ট্রেইলের পরিস্থিতি, মৌসুমী রাস্তা বন্ধ হওয়া, এবং সাধারণ বিনোদনের তথ্য সম্পর্কে সর্বশেষ খবরের জন্য হাইকারদেরকে DEC এর ওয়েবপেজগুলি দেখে নেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। অ্যাডিরন্ড্যাক, ক্যাটসকিলস এবং অন্যান্য দুর্গম পাহাড়ি অঞ্চলে শীতকালীন অনিশ্চিত আবহাওয়া এবং তুষারঝড় অপ্রত্যাশিতভাবে বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করতে পারে।

শীতকালীন অভিজ্ঞতা নিরাপদ করতে দর্শনার্থীদের অবশ্যই তুষার, বরফ এবং ঠাণ্ডার জন্য উপযুক্ত পোশাক ও সরঞ্জাম নিয়ে প্রস্তুত থাকতে হবে। অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিকস (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উঁচু ট্রেইলে তুষার, বরফ, এবং স্লাশের মিশ্রিত অবস্থা থাকবে, যেমন ক্যাটস্কিল মাউন্টেনসের (Catskill Mountains) অনেক ট্রেইল যেখানে বরফের ট্রেইলের অবস্থা থাকা সম্ভব।

জরুরি প্রয়োজনে, 9-1-1 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-NYS-RANGERS নম্বরে ফোন করুন। যদিও কিছু জলাশয় জমাটবদ্ধ মনে হতে পারে, তবুও যে কেউ জলাশয়ে যাওয়ার আগে বরফের নিরাপত্তা সংক্রান্ত নির্দেশিকাগুলো দেখে নেওয়া উচিত।

অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কে বেড়াতে আসা মানুষকে parks.ny.gov ভিজিট করতে হবে, ফ্রি মোবাইল অ্যাপ NY State Parks Explorer চেক করতে হবে বা পার্ক কতক্ষণ খোলা থাকবে, খোলা এবং বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ আপডেটের জন্য নিজেদের স্থানীয় পার্ক অফিসে ফোন করতে হবে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA)

MTA আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে যাতে নিরাপদ ও নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করা যায়। MTA কর্মীরা লবণ ছিটানো, যেখানে বরফ জমে আছে সেখানকার প্ল্যাটফর্ম ও সিঁড়ি পরিষ্কার করা এবং সিগন্যাল, সুইচ ও থার্ড রেল সচল রাখা সহ আবহাওয়া জনিত যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত থাকবে।

ভ্রমণের আগে রিয়েল-টাইম সার্ভিস আপডেটের জন্য গ্রাহকদের MTA অ্যাপ, TrainTime অ্যাপ বা mta.info দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের ইমেইল বা টেক্সট সার্ভিস অ্যালার্টের জন্যও সাইন আপ করা উচিত।

নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey)
পোর্ট অথোরিটি অব নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey) আবহাওয়ার পূর্বাভাস সতর্কতার সাথে পর্যবেক্ষণ করছে এবং প্রস্তুতি হিসেবে এয়ারপোর্ট টার্মিনালের অপারেটর এবং এয়ারপোর্টের অন্যান্য পার্টনারদের সাথে কাজ করছে। বিমানে ভ্রমণকারীদেরকে উচিত তাদের ফ্লাইটের বিষয়ে সর্বশেষ তথ্যের জন্য তাদের এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করা অথবা এয়ারপোর্টের জন্য বের হওয়ার আগে তাদের ডিপার্চারের এয়ারপোর্টে ফ্লাইটের অপারেশনকে প্রভাবিত করতে পারে এমন কোনো ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (Federal Aviation Administration, FAA) প্রোগ্রামের জন্য ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের ওয়েবসাইট দেখা এবং যাতায়াতের জন্য বাড়তি সময় যাহাতে রাখা। পোর্ট অথোরিটির ছয়টি ব্রিজ ও টানেল ব্যবহার করে এমন মোটরচালকদেরকে ইমেইল অ্যালার্টের জন্য সাইন আপ করতে উৎসাহিত করা হচ্ছে, বাসের যাত্রীরা Midtown Bus Terminal-এ বাস সেবার বিষয়ে বাস্তব সময়ের সতর্কতা পেতে MyTerminal অ্যাপ ব্যবহার করতে পারেন, বা PATH-এর যাত্রীরা ট্রেন সেবার তথ্য জানতে PATH মোবাইল অ্যাপ, RidePATH দেখতে পারেন। পোর্ট অথরিটি কেন্দ্রগুলোর পরিষেবা পরিবর্তনের সর্বশেষ আপডেট দেখতে, এখানে ক্লিক করুন।

শীতকালে নিরাপদে গাড়ি চালানোর পরামর্শ

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় ভ্রমণ করছেন তার জন্য পূর্বাভাস মনিটর করুন।
- অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলুন।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার কাছে ব্যবহারের জন্য সেল ফোন অথবা অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং কোথাও যাওয়ার সময় সেটি আপনার সাথে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা

ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সব রাস্তার চালকদের খেয়াল রাখতে হবে যে স্নোপ্লাউ ঘণ্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়।
- প্রায়ই ইন্টারস্টেট হাইওয়েতে একের বেশি স্নোপ্লাউ পাশাপাশি চালানো হয়, যাতে একাধিক লেন একসাথে নিরাপদে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। প্লাউয়ের পেছনে যে তুষার উড়তে থাকে তার কারণে অনেক কম দেখা যেতে পারে বা হোয়াইটআউট অবস্থা হতে পারে।
- গাড়ির চালকদের স্নোপ্লাউকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা না করা বা অনেক কাছ থেকে ফলো না করা উচিত। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনোই সচল থাকা একটি স্নোপ্লাউয়ের পাশ কাটানোর চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট হলে নিরাপদ থাকার পরামর্শ

- ছিঁড়ে পড়া বা ঝুলে থাকা বিদ্যুৎ লাইনের কাছে যাবেন না বা স্পর্শ করবেন না: সমস্ত তারকে সচল (বিদ্যুতায়িত) এবং বিপজ্জনক মনে করুন। ছিঁড়ে পড়ে থাকা বিদ্যুতের তার থেকে শিশু এবং পোষা প্রাণীদের দূরে রাখুন। কোনো ধরনের বিদ্যুতের তার বা তারের সংস্পর্শে আছে এমন কোনো বস্তুকে কখনো স্পর্শ করবেন না।
- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন।
- ঝড়ের সময় হিট চলে গেলে, আপনার প্রয়োজন নেই এমন ঘরগুলি বন্ধ করে দিয়ে গরম থাকুন।

বিদ্যুৎ বিভ্রাট রিপোর্ট করতে, ফোন করুন:

সেন্ট্রাল হাডসন (Central Hudson): বৈদ্যুতিক: 800-527-2714 বা গ্যাস: 800-942-8274
কন এড বৈদ্যুতিক: 800-752-6633 বা গ্যাস: 800-752-6633
কর্নিং গ্যাস: 800-834-2134
Liberty Utilities (St. Lawrence Gas) Corp.: 800-673- 3301
ন্যাশনাল ফুয়েল গ্যাস: 1-800-444-3130

ন্যাশনাল গ্রিড:

- বৈদ্যুতিক: 800-867-5222
- লং আইল্যান্ড (গ্যাস): 1-800-490-0045
- মেট্রো NYC (গ্যাস): 1-718-643-4050
- আপস্টেট (গ্যাস): 1-800-892-2345

NYSEG: বৈদ্যুতিক: 800-572-1131 বা গ্যাস: 800-572-1121
O&R: বৈদ্যুতিক: 877-434-4100 বা গ্যাস: 800-533-5325
PSEG-LI: 800-490-0075
RG&E: বৈদ্যুতিক: 800-743-1701 বা গ্যাস: 800-743-1702

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন